

সংবাদ

তারিখ: 2-8-SEP-2017...
পৃষ্ঠা: ৪... কলাম: ১

প্রতিনিধি, জাবি

আগামী ৮ অক্টোবর থেকে শুরু হতে যাওয়া জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় আবেদন

জাবি'র প্রতি আসনে ১৫১ জন
প্রতিদ্বন্দ্বী : ১৪ কোটি টাকার
ভর্তি ফরম বিক্রি

করেছে ২ লাখ ৯৯ হাজার ১৭১ জন শিক্ষার্থী। কিন্তু বিশ্ববিদ্যালয়ে এবার কোটার বাইরে মেধা ভলিকায় ১৯৮৬ জন শিক্ষার্থী ভর্তি হতে পারবে। যার ফলে প্রতি আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করবে ১৫১ জন শিক্ষার্থী।

কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরিচালনা কমিটির সদস্য সচিব ও ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-১) মৌ. আবু হাসান সূত্রে এসব তথ্য জানা গেছে। এদিকে ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি থেকে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের এ, বি, সি, ডি ও ই ইউনিটের ভর্তি পরীক্ষার আবেদন ফরমের মূল্য রাখা হয়েছে ৫৫০ টাকা। এছাড়া এফ, জি, এইচ, আই ইউনিট, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগের ভর্তি পরীক্ষার আবেদন ফরমের মূল্য ৩৫০ টাকা রাখা হয়েছে। ফলে সব মিলিয়ে প্রায় ১৪ কোটি টাকার ভর্তি ফরম বিক্রি করেছে জাবি প্রশাসন। খোঁজ নিয়ে জানা যায়, গত কয়েক

বছর ভর্তি পরীক্ষা থেকে আয়কৃত সব টাকা শিক্ষকরা ভাগ করে নিয়ে যায়। অথচ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) নির্দেশনা অনুযায়ী, ভর্তি পরীক্ষার আয়ের ৪০ শতাংশ টাকা বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা রেখে তা উন্নয়নমূলক কর্মকাণ্ডে কাজে লাগানোর কথা থাকলেও তা মানছে না শিক্ষকরা। এবারও আয়কৃত প্রায় ১৪ কোটি টাকা ভাগ করে নিয়ে যাওয়ার আশঙ্কা করছেন শিক্ষার্থীরা।

ভর্তি পরীক্ষার সময়সূচি

আগামী ৮ অক্টোবর (রোববার) গাণিতিক ও পদার্থ বিজ্ঞান বিষয়ক অনুষদ 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে জাবির ভর্তি পরীক্ষার কার্যক্রম শুরু হবে। দ্বিতীয় দিন ৯ অক্টোবর অনুষ্ঠিত হবে 'এ' ও 'আই' ইউনিট এবং বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউটের পরীক্ষা। এরপর 'ডি' ইউনিটের পরীক্ষা যথাক্রমে ১০ ও ১১ অক্টোবর অনুষ্ঠিত হবে। 'সি' ইউনিট, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হবে ১২ অক্টোবর।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
টাকার.....	
সিস্টেম মাসের.....	
সিস্টেম মাসের.....	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/স্বাক্ষরার্থে	